# “বাংলাকে জানো” ২০২৬

**ক্যালকাটা রিসার্চ গ্রুপ ও ইন্সটিটিউট অফ ল্যাঙ্গুয়েজ স্টাডিজ এণ্ড রিসার্চ (আই এল এস আর) এর উদ্যোগে আয়জিত একটি পঞ্চদিবসীয় কর্মশালা**

**৯-১৪ ফেব্রুয়ারি, ২০২৬, মানবসম্পদ উন্নয়ন ও চর্চাকেন্দ্র, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, রামমোহনপুর**

বহু বর্ণ, ভাষা, সংস্কৃতি এবং ধর্মের সহবস্থান বাংলার বহুদিনের ঐতিহ্য। ফলে বাংলাভাষি বা বাংলাভাষি নন এমন অনেক পেশার মানুষ একসাথে পথ চলেছেন বাংলার ইতিহাসের আদিপর্ব থেকেই। ফলে জন্ম হয়েছে এক নতুন মিশ্র সংস্কৃতির। ভৌগলিক সীমানা, এলাকাভিত্তিক জনসংখ্যার চরিত্র, ভাষার রকমফের, ইত্যাদি আরও বহু কারণের ফলে এই সংস্কৃতির চরিত্র বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম হলেও সাংস্কৃতিক অভিনবত্বের বিচারে বাংলা তথা বাঙালির তুল্য জনগোষ্ঠী ভারতবর্ষে বিরল। ফলে দেশভাগের ক্ষত বুকে নিয়েও পশ্চিমবঙ্গ যেভাবে বিশ্ব-মঞ্চে নিজেদের প্রতিষ্ঠা করেছে তার পিছনে এই মিশ্র সংস্কৃতির অবদান কোন অংশে কম নয়। ফলে বাংলা ছাড়াও পশ্চিমবঙ্গের বেশ কিছু এলাকায় অন্যান্য ভাষাভাষি মানুষের উপস্থিতি পশ্চিমবঙ্গের সামাজিক অবস্থানকে সমৃদ্ধ করেছে। আর পাশাপাশি বাংলায় কিভাবে এই ঐক্য সম্ভব হল তা নিয়ে বাকিদের কৌতুহলীও করেছে। ভারতীয় সংবিধানে বর্ণিত “বৈচিত্রের মধ্যে ঐক্য” নীতির একটি জীবন্ত প্রকাশ হিসাবে অনায়াসে পশ্চিমবঙ্গে সম্ভব হল তার পিছনে পশ্চিমবঙ্গের ইতিহাস, ভূগোল, বিজ্ঞানচর্চা, সাহিত্য, সংস্কৃতি, সমাজ, রাজনীতি এবং অর্থনীতি, এই সবকিছুরই অবদান রয়েছে।

পশ্চিমবাংলার ইতিহাস, ভূগোল, সাহিত্য, সংস্কৃতি, সমাজ, রাজনীতি এবং অর্থনীতি বিষয়ে আগামী প্রজন্মের সাথে আলোচনা ও মত বিনিময় করতে ক্যালকাটা রিসার্চ গ্রুপ ও ইনস্টিটিউট অফ ল্যাঙ্গুয়েজ স্টাডিজ এণ্ড রিসার্চ (আই এল এস আর, পশ্চিমবঙ্গ সরকার) আয়োজিত  আয়োজিত “বাংলাকে জানো” কর্মশালা ২০২৫ সালের মার্চ মাসে কলকাতায় অনুষ্ঠিত হয়েছিল। সমগ্র পশ্চিমঙ্গের ১১ টি জেলা থেকে প্রায় ২১ জন তরুণ অধ্যাপক, গবেষক, বিদ্যালয় শিক্ষক, সাংবাদিক, সমাজকর্মী, পরিবেশ বিশেষজ্ঞ এই পাঁচদিনব্যাপী কর্মশালায় যোগ দিয়েছিলেন। এই পাঁচদিনের কর্মশালায় তাঁদের পশ্চিমবঙ্গের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজন এবং উদীয়মান গবেষকদের সাথে আলাপ আলোচনা এবং নতুন বিষয় সম্পর্কে জ্ঞানের আদান প্রদানের সুযোগ হয়েছিল।

আলোচনার সেই ধারাকে প্রবাহিত রাখতে ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসে অনুরূপ একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আগামী ৯ থেকে ১৪ ফেব্রুয়ারি ২০২৬ সালে পাঁচদিনব্যাপী এই কর্মশালাটি অনুষ্ঠিত হবে। গবেষক, তরুণ শিক্ষক, সাংবাদিক, সমাজকর্মী, অধ্যাপক, তরুণ পরিবেশকর্মী এবং বিজ্ঞানকর্মীদের মধ্যে উৎসাহী ব্যক্তিরা আবেদন করতে পারেন।

**আবেদনকারীদের বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর। আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর ২০২৫।**

আবেদন করতে হবে এই Form এ: https://forms.gle/WAkGARB4DJJH4UGA6

বিস্তারিত বিবরণের জন্য যোগাযোগ করুন- a) Dr. **Rajat Kanti Sur:** rajatkanti@mcrg.ac.in , এবং b) **ILSR:** toilsr.2022@gmail.com